(coopo



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ) প্রধান কার্যালয়

> মতিঝিল, ঢাকা-১০০০ বাংলাদেশ

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগ

এসএমইএসপিডি সার্কুলার নং-১

২০ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ তারিখঃ ------০৩ এপ্রিল ২০১৭ খ্রীষ্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগ, বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরিচালিত পুনঃঅর্থায়ন তহবিলের আওতায় গ্রাহক পর্যায়ে কুটির, মাইক্রো ও ক্ষুদ্র খাতের নারী উদ্যোক্তাদের জন্য ঋণের সুদহার নির্ধারণ প্রসংগে ।

ব্যবসা-বাণিজ্য ও উৎপাদনশীল শিল্প খাতে নারী উদ্যোক্তাদেরকে অধিকহারে উৎসাহিত করতে বিদ্যমান ঋণ বাজার পরিস্থিতির আলোকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরিচালিত 'স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম', ' কৃষিজাতপণ্য প্রক্রিয়াজাতকরণের জন্য মফস্বলভিত্তিক শিল্প স্থাপনে পুনঃঅর্থায়ন স্কীম' এবং ' কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র খাতে নতুন উদ্যোক্তা পুনঃঅর্থায়ন স্কীম' এর আওতায় গ্রাহক পর্যায়ে নারী উদ্যোক্তাদের কুটির, মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোগে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক আরোপিত সুদহার ব্যাংক রেট +8% (সর্বোচ্চ) অর্থাৎ ৯% এর মধ্যে সীমিত রাখতে হবে।

(০২) 'স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম', ' কৃষিজাতপণ্য প্রক্রিয়াজাতকরণের জন্য মফস্বলভিত্তিক শিল্প স্থাপনে পুনঃঅর্থায়ন স্কীম' এবং ' কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র খাতে নতুন উদ্যোক্তা পুনঃঅর্থায়ন স্কীম' এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে ।

(০৩) এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে। তবে. এ সার্কুলার জারীর পূর্ববর্তী মঞ্জুরীকৃত ঋণের ক্ষেত্রে পূর্ববর্তী সুদহারে পুনঃঅর্থায়নের আবেদন বিবেচনা করার সুযোগ রয়েছে।

আপনাদের বিশ্বস্ত,

(স্বপন কুমার রায়)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০৫০২